## নিমন্ত্রণ পত্র

নিমন্ত্রণ পত্র বলতে সেই সব চিঠিপত্রকেই বোঝায় যার সাহায্যে কোন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য কাউকে আহবান বা অনুরোধ জানানো হয়। এ ধরনের চিঠির আকার ছোট হয়ে থাকে এবং বিশেষ প্রয়োজনীয় বক্তব্য ছাড়া বাহুল্য কোন কথা থাকার সুযোগ এতে নেই। পত্রপ্রাপকের উদ্দেশে কোন অনুষ্ঠানের বিশেষ কিছু তথ্য জানিয়ে আমন্ত্রণ ব্যক্ত করাই এ ধরনের চিঠির প্রকৃত লক্ষ্য। অনুষ্ঠানের বিষয় অর্থাৎ কি উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে, অনুষ্ঠানের দিন, তারিখ, সময় ও স্থানের উল্লেখ থাকবে এ ধরণের চিঠিতে। আমন্ত্রণ পত্র পড়েই যাতে আমন্ত্রিত ব্যক্তি সবকিছু অবহিত হতে পারে সেদিকে খেয়াল রেখে প্রয়োজনীয় তথ্য চিঠিতে সংযোজিত হবে। চিঠিতে স্থানের যে উল্লেখ থাকবে তা যেন নিমন্ত্রিত ব্যক্তি সহজেই চিনতে পারে সে রকম স্পষ্ট নির্দেশনা থাকবে। অপরিচিত জায়গা হলে সেখানে পৌঁছার পথনির্দেশনা থাকা বাঞ্ছনীয়। আমন্ত্রণ পত্রে অনুষ্ঠানসূচি সন্নিবেশিত থাকলে যথেষ্ট উপকার হয়। এতে আগেই অনুষ্ঠান সম্পর্কে একটা ধারণা করা চলে।

নিমন্ত্রণ পত্রে কোনও বাহুল্য কথা থাকে না। এতে বক্তব্য হতে হবে সুস্পষ্ট। ভাষা হবে মার্জিত। আবেদন হবে বিনীত।

নিমন্ত্রণ পত্রের কিছু নমুনা দেওয়া হল ঃ

**পত্র ৬৬ ॥ কলেজে বার্ষিক মিলাদ অনুষ্ঠানের দাওয়াত পত্র রচনা কর।**

*বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম*

জনাব,

আগামী ১২ই রবিউল আউয়াল, ১৯শে আগস্ট, ৯৬, শুক্রবার, সকাল দশটায় কলেজ মিলনায়তনে বার্ষিক মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সবান্ধব উপস্থিত থাকার জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

**অনুষ্ঠানসূচি**

৯.৪৫ ঃ অতিথিগণের আসন গ্রহণ
১০.০০ ঃ মহানবীর জীবন ও আদর্শ সম্পর্কে আলোচনা
১০.৩০ ঃ হামদ ও নাত প্রতিযোগিতা
১১.০০ ঃ পুরস্কার বিতরণ
১১.১৫ ঃ মিলাদ পাঠ ও দোয়া
১১.৪৫ ঃ তবাররক বিতরণ
১২.০০ ঃ সমাপ্তি।

বিনীত—
আমিন আহমদ
সাধারণ সম্পাদক
রসূলপুর কলেজ ছাত্র সংসদ

**পত্র ৬৭ ॥ বার্ষিক সিরাতুননবী মাহফিলের একটি দাওয়াত পত্র।**

## আইডিয়াল স্কুল এণ্ড কলেজ, মতিঝিল, ঢাকা-১০০০

**বার্ষিক সীরাতুন্নাবী (স) মাহফিল—১৯৯৫**

(প্রভাতী শাখা)

তারিখ ঃ ২৭শে এপ্রিল,'৯৫
১৪ই বৈশাখ, ১৪০১

রোজ ঃ বুধবার।

সময় ঃ ১ম পর্ব ঃ দুপুর ১২টা (ছাত্র-ছাত্রীদের জন্য)।
২য় পর্ব ঃ বিকাল ২ ঘটিকা (ছাত্র-ছাত্রী ও অভিভাবিকাবৃন্দের জন্য)।

"বালাগাল উলা বিকামালিহী, কাশাফাদ্‌দুজা বিজামালিহী
হাসুনাত জামিউ খিসালিহী, সাল্লু আলাইহি ওয়া আলিহী।

❖ অনুষ্ঠান সূচি ❖

[১ম পর্ব]

**সময় ঃ দুপুর ১২ টা**

- খাত্‌মুল কুরআনুল কারীম
- খাত্‌মু দু'আ-ই-ইউনুস
- খাত্‌মুত্‌ তাহ্‌লীল
- সূরা ইয়াসীন পাঠ
- পুরস্কার বিতরণ

[২য় পর্ব]

**সময় ঃ বেলা ২ ঘটিকা**

- পবিত্র কুরআন তিলাওয়াত
- হামদু রাব্বিল জালীল
- না'তুন্নাবী (স)
- সিরাতুন্নাবী (স) সম্পর্কে আলোচনা
- প্রধান অতিথির বয়ান
- সভাপতির ভাষণ
- দু'আ
- তাবাররুক বিতরণ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

মুহ্তারামা,

আসছে ২৭শে এপ্রিল '৯৫ মোতাবেক ১৪ই বৈশাখ ১৪০১ রোজ বুধবার অত্র প্রতিষ্ঠানের প্রভাতী শাখার বার্ষিক সীরাতুন্নাবী (স) মাহফিল অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি প্রদান করেছেন মোহাম্মদপুর মহিলা মদ্রাসার অধ্যক্ষা মুহতারামা সালিমা খাতুন।

অনুষ্ঠানে আপনি আমন্ত্রিত।

বিনীত

মোঃ ফয়জুর রহমান
সভাপতি

মোঃ আবু জাফর মোল্লা
সম্পাদক
সীরাতুন্নাবী (স) উদ্‌যাপন কমিটি

**পত্র ৬৮ ॥ স্থানীয় একটি ফুটবল দলকে ফুটবল প্রতিযোগিতায় আহ্বান করে একটি পত্র রচনা কর।**

সম্পাদক,
নবারুণ ফুটবল ক্লাব
টাঙ্গাইল।

বিষয় ঃ **ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণের আহ্বান প্রসঙ্গে।**

জনাব,

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজের ফুটবল দলের খেলার মান উন্নয়নের জন্য স্থানীয় ফুটবল ক্লাবগুলোর সাথে এক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই প্রতিযোগিতা কলেজ মাঠে আগামী মাসে অনুষ্ঠিত হবে।

নবারুণ ক্লাব জেলার ফুটবল দলগুলোর মধ্যে কৃতী দল হিসেবে খ্যাতি অর্জন করেছে। এই দলের সাথে খেলতে পারলে আমাদের কলেজ দল বিশেষ গৌরব বোধ করবে।

তাই এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করার উদ্দেশ্যে একটি সুবিধামত সময় নির্বাচন করে আমাদের অবহিত করার জন্য কলেজ দলের পক্ষ থেকে অনুরোধ জানাই।

আপনার বিশ্বস্ত,
আল-আমিন
অধিনায়ক, ফুটবল দল
সাদত বিশ্ববিদ্যালয় কলেজ

করটিয়া
১২/৬/৯৬

**পত্র ৬৯ ॥ কলেজে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে একটি নিমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

শুভ 'নববর্ষ' উদযাপন উপলক্ষে আগামী ১লা বৈশাখ, ১৪০৩ সন/১৪ই এপ্রিল, ১৯৯৬ সাল বৃহস্পতিবার সকাল ১০টায় কলেজ মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে সবান্ধব উপস্থিত থাকার বিনীত অনুরোধ জানাচ্ছি।

জাফর হোসেন
সাংস্কৃতিক সম্পাদক
কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ
ছাত্র সংসদ।

রংপুর
৭-৪-৯৬

**পত্র ৭০ ॥ তোমার কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষে একখানা আমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

আগামী ১৫ই পৌষ, ১৪০৩/২৯শে ডিসেম্বর, ১৯৯৬, বৃহস্পতিবার, কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

এই প্রতিযোগিতা কলেজ মাঠে অনুষ্ঠিত হবে। সকাল নয়টায় প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করবেন কলেজের মাননীয় অধ্যক্ষ এবং বিকাল চারটায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন জেলা প্রশাসক।

প্রতিযোগিতা অনুষ্ঠানকালে উপস্থিত থেকে প্রতিযোগীদের উৎসাহিত করার সবিনয় অনুরোধ জানাচ্ছি।

আমিনুর রহমান

রাঙামাটি — সম্পাদক, ক্রীড়া বিভাগ

২০শে ডিসেম্বর, ৯৬ — রাঙামাটি কলেজ ছাত্র-সংসদ

**পত্র ৭১ ॥ তোমার কলেজে 'শিক্ষা সপ্তাহ' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের কর্মসূচিসহ নিমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

আগামী ২২শে ডিসেম্বর ৯৬/৮ই পৌষ ১৪০৩ বৃহস্পতিবার থেকে ২৮শে ডিসেম্বর ৯৬/১৪ই পৌষ ১৪০৩ বুধবার পর্যন্ত কলেজে 'শিক্ষা সপ্তাহ' উদযাপন করা হবে। শিক্ষা সপ্তাহে শিক্ষা সম্পর্কিত আলোচনা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আগামী ২২শে ডিসেম্বর, ৯৬/৮ই পৌষ, ১৪০৩, বৃহস্পতিবার সকাল দশটায় কলেজ মিলনায়তনে কলেজের মাননীয় অধ্যক্ষ শিক্ষা সপ্তাহের শুভ উদ্বোধন করবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

জাফর আহমদ

বান্দরবান — সাধারণ সম্পাদক

১৫-১২-৯৬ — বান্দরবান কলেজ ছাত্রসংসদ

**পত্র ৭২ ॥ তোমাদের কলেজের একটি বিচিত্রানুষ্ঠানের সম্পাদক হিসেবে একটি আমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

আগামী ১৫ই পৌষ, ১৪০৩/৩১শে ডিসেম্বর, ১৯৯৬, বৃহস্পতিবার সকাল দশটায় কলেজ মিলনায়তনে বার্ষিক পুরস্কার বিতরণী উপলক্ষে একটি বিচিত্রানুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে মাননীয় শিক্ষা মন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

যথাসময়ে অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনাকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

মাহফুজুর রহমান

রামগড় — সম্পাদক, সংস্কৃতি বিভাগ

৫ই পৌষ, ১৪০৩ — রামগড় কলেজ।

**পত্র ৭৩ ॥ তোমাদের কলেজের একটি সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগদান করার জন্য সুধীবৃন্দের উদ্দেশ্যে একটি নিমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

আগামী ১৪ই পৌষ, ১৪০৩/২৮শে ডিসেম্বর, ১৯৯৬, বুধবার সকাল দশটায় কলেজ মিলনায়তনে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

যথাসময়ে অনুষ্ঠানে উপস্থিত থাকার বিনীত অনুরোধ জানাচ্ছি।

আহমদ হোসেন<br>
সম্পাদক, সংস্কৃতি বিভাগ<br>
রংপুর কলেজ।

রংপুর<br>
৯ই পৌষ, ১৪০৩

**পত্র ৭৪ ॥ তোমাদের কলেজ দিবস পালন উপলক্ষে অভিভাবকবৃন্দের জন্য একটি নিমন্ত্রণ পত্র রচনা কর।**

জনাব,

আগামী ১৮ই পৌষ, ১৪০৩/১লা জানুয়ারি, ১৯৯৭ রবিবার কলেজ দিবস উদযাপিত হবে। এ উপলক্ষে সকাল দশটায় কলেজ মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে শিক্ষা সম্পর্কিত বিভিন্ন বিষয় আলোচিত হবে।

একজন অভিভাবক হিসেবে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

অধ্যক্ষ<br>
শেরপুর কলেজ

শেরপুর<br>
১০ই পৌষ, ১৪০৩

**পত্র ৭৫ ॥ তোমাদের কলেজে নজরুল জয়ন্তী উদযাপন উপলক্ষে একখানি নিমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

আগামী ১১ই জ্যৈষ্ঠ, ১৪০৩/২৫শে মে, ১৯৯৬ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৯৮-তম জন্মদিন। বিদ্রোহী কবির জন্মজয়ন্তী উপলক্ষে ঐ দিন বেলা দশটায় কলেজ মিলনায়তনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন কবি শামসুর রাহমান।

অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

শাহেদ হোসেন<br>
সম্পাদক, সাহিত্য ও সংস্কৃতি বিভাগ<br>
কালীগঞ্জ কলেজ ছাত্র সংসদ

কালীগঞ্জ<br>
৫ই জ্যৈষ্ঠ, ১৪০৩

**পত্র ৭৬ ॥ তোমার জন্মদিনের অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ।**

সুহৃদ,

আগামী ১৬ই পৌষ, ১৪০৩/৩০শে ডিসেম্বর, ১৯৯৬ আমার সপ্তদশতম জন্মদিবস। দিনটি উদযাপনের জন্য বিকেল পাঁচটায় আমাদের বাড়িতে বন্ধু সমাগমের আয়োজন করা হয়েছে।

এ অনুষ্ঠানে তোমার উপস্থিতি আমার জন্য অফুরন্ত আনন্দের উৎস হয়ে থাকবে।

নিরিবিলি

গুণমুগ্ধ

**পত্র ৭৭ ॥ কলেজের পুনর্মিলনী অনুষ্ঠানের আমন্ত্রণপত্র রচনা কর।**

সুধী,

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঐতিহ্যবাহী ঢাকা কলেজের প্রাক্তন ও বর্তমান ছাত্রদের এক পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই অনুষ্ঠান আগামী ১৭ই অগ্রহায়ণ ১৪০৩/১লা ডিসেম্বর, ১৯৯৬ বৃহস্পতিবার সকাল দশটায় কলেজ মিলনায়তনে উদ্বোধন করা হবে।

মাননীয় শিক্ষা মন্ত্রী এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি দান করেছেন।

ঢাকা কলেজের একজন প্রাক্তন ছাত্র হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

বিনীত
আহমদ হোসেন
সম্পাদক
ঢাকা কলেজ পুনর্মিলনী কমিটি

ঢাকা
১০ই অগ্রহায়ণ, ১৪০৩

**পত্র ৭৮ ॥ কোন প্রতিষ্ঠানের সভার একটি বিজ্ঞপ্তি রচনা কর।**

**ঝিনাইদহ সাক্ষরতা সমিতি**
ঝিনাইদহ

**বিজ্ঞপ্তি**

১০ই পৌষ, ১৪০৩

আগামী ১৭ই পৌষ, ১৪০৩/৩১শে ডিসেম্বর, ১৯৯৬ শনিবার সকাল দশটায় সমিতির কার্যালয়ে নিম্নলিখিত আলোচ্যসূচি বিবেচনার জন্য ঝিনাইদহ সাক্ষরতা সমিতির পরিচালনা কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

সদস্যগণকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো যাচ্ছে।

**আলোচ্য সূচি ঃ**

১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
২. সাক্ষরতা অভিযানের পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন।
৩. সমিতির বিগত বছরের কার্যাবলীর প্রতিবেদন বিবেচনা।
৪. বিবিধ।

নিবেদক
হাসান মুরশেদ
সম্পাদক

**পত্র ৭৯ ॥ সরস্বতী পূজা উপলক্ষে নিমন্ত্রণ পত্র রচনা কর।**

সুধী,

আগামী শ্রীপঞ্চমী তিথিতে ৩রা ফাল্গুন, ১৪০৩/১৫ই ফেব্রুয়ারি, ১৯৯৬ মঙ্গলবার কলেজ প্রাঙ্গণে শ্রী শ্রী সরস্বতী পূজার আয়োজন করা হয়েছে।

আপনার সবান্ধব উপস্থিতিতে আমাদের উদ্যোগ সার্থক হোক এই কামনা করি।

নমস্কারান্তে।

বিনীত
বৃন্দাবন কলেজের ছাত্র ছাত্রীবৃন্দ।

**অনুষ্ঠান সূচি ঃ**

| | | |
|---|---|---|
| প্রতিমা উদ্বোধন ও বরণ | ঃ | ৩ রা ফাল্গুন, সকাল ৮ টায় |
| পূজা ও অঞ্জলি | ঃ | সকাল ১০টা |
| প্রসাদ বিতরণ | ঃ | দুপুর ১২টা থেকে |
| সাংস্কৃতিক অনুষ্ঠান | ঃ | বিকাল ৪টা |
| প্রতিমা বিসর্জন | ঃ | ৪ঠা ফাল্গুন, সন্ধ্যা ৬টা |

**পত্র ৮০ ।। তোমার বোনের বিয়ে উপলক্ষে একটি নিমন্ত্রণপত্র রচনা কর।**

*বিসমিল্লাহির রাহমানির রাহিম*

জনাব,

আগামী ১৬ই পৌষ, ১৪০৩/৩০ শে ডিসেম্বর, ১৯৯৬, শুক্রবার বাদ জুময়া আমার একমাত্র বোন শাহনাজ পারভীনের বিয়ে জামালপুর জেলার রসূলপুর গ্রাম নিবাসী জনাব আহমদ হোসেনের পুত্র মুনীর হোসেন,বি.এস-সি. (ইঞ্জি)-এর সাথে অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে উপস্থিত থেকে বর-কনেকে দোয়া করার অনুরোধ জানাচ্ছি।

বিনীত
কবির আহমদ

নিরালা
৩, সদর রোড, শেরপুর

| | | |
|---|---|---|
| বরের আগমন | ঃ | দুপুর ২-০১ মি. |
| আকদ | ঃ | দুপুর ২-০৫ মি. |
| প্রীতিভোজ | ঃ | দুপুর ২-৩০ মি. |

**পত্র ৮১ ।। বিয়ের নিমন্ত্রণ পত্র (হিন্দু রীতি) রচনা কর।**

শ্রী শ্রী প্রজাপতয়ে নমঃ

যথাবিহিত সম্মানপুরঃসর নিবেদনমিদম্,

মহাশয়,

আগামী ২৯শে অগ্রহায়ণ, ১৪০৩/১৩ই ডিসেম্বর ১৯৯৬, মঙ্গলবার গোধূলি পাঁচটায় আমার একমাত্র কন্যা শ্রীমতী স্বপ্নার সাথে টাঙ্গাইল জেলার নয়নপুর নিবাসী শ্রী মধুময় চৌধুরীর কনিষ্ঠ পুত্র শ্রীমান তপন চৌধুরীর শুভ পরিণয় অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে আপনার উপস্থিতি কামনা করি। পত্র দ্বারা নিমন্ত্রণের ক্রটি মার্জনীয়।

নমস্কারান্তে। ইতি ১৫ই অগ্রহায়ণ, ১৪০৩

বিবাহ বাসর,
১, কলেজ রোড, টাঙ্গাইল

ভবদীয়
শান্তিরঞ্জন চৌধুরী

[**বিঃ দ্রঃ** কোনরূপ উপহারের পরিবর্তে নবদম্পতিকে কেবলম আশীর্বাদই প্রার্থনীয়।]

**পত্র ৮২ ॥ একটি বিবাহ অনুষ্ঠানে পাত্র পক্ষ থেকে একখানি সাধারণ নিমন্ত্রণপত্র রচনা কর।**

*বিসমিল্লাহির রাহমানির রাহিম*

জনাব,

আমাদের প্রথম পুত্রের বিবাহ ও বিবাহোত্তর সংবর্ধনা অনুষ্ঠানে আপনার/আপনাদের সদয় উপস্থিতি ও দোয়া কামনা করছি।

বিনীত
শামসুদ্দিন আহমদ
ও
মাহফুজা আহমদ

অপারগতায় ঃ
৮৬৭১০২

## ❖ পরিচিতি ❖

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বর | ঃ | ডাঃ আবু মোহাম্মদ আদনান (ফিলিপ) | কনে | ঃ | ফারহানা কানিজ (পলিন) |
| পিতা | ঃ | শামসুদ্দিন আহমদ | পিতা | ঃ | আলহাজ্ব ফজলুর রহমান চৌধুরী |
| ঠিকানা | ঃ | ১৫/এ, ঝিগাতলা<br>ঢাকা-১২০৯ | ঠিকানা | ঃ | হাসান মঞ্জিল<br>৮১/১, কাকরাইল, ঢাকা। |

## ❖ অনুষ্ঠান সূচি ❖

| বিয়ে | | | বৌ-ভাত | | |
|---|---|---|---|---|---|
| বরযাত্রা | ঃ | ১৫/এ, ঝিগাতলা, ঢাকা | তারিখ | ঃ | ২৫ শে জুন, ১৯৯৫ |
| তারিখ | ঃ | ২৩শে জুন ১৯৯৫ | রোজ | ঃ | শনিবার |
| রোজ | ঃ | বৃহস্পতিবার | প্রীতিভোজ | ঃ | রাত ৮-০১ মি. |
| সময় | ঃ | সন্ধ্যা ৭-৩১ মি. | স্থান | ঃ | প্রিয়াংকা কমিউনিটি সেন্টার<br>বাড়ি নং-৫০, রোড নং-৬/এ,<br>ধানমণ্ডি, ঢাকা<br>(ঈদগাহ মসজিদ সংলগ্ন)। |
| স্থান | ঃ | সোহাগ কমিউনিটি সেন্টার-২<br>৯১, নিউ ইস্কাটন রোড,<br>ঢাকা। | | | |